



▶ এশিয়ার গার্মেন্টস সাপ্লাই চেইনের প্রেক্ষিতে শোভন কাজ

মার্চ ২০২১

▶ কার্বন পদচিহ্ন হ্রাস করা? এশিয়ায় পোশাক খাতে কার্বন নির্গমনের পরিমাণ কিভাবে পরীক্ষা করা যায়

এই প্রতিবেদনটি গার্মেন্টস সেক্টর জুড়ে কার্বন নির্গমন পরীক্ষা করে, যা হিসাব করার জন্য দুটি বিশিষ্ট পদ্ধতি ব্যবহার করা হয়েছে- গ্রীনহাউস গ্যাস প্রোটোকলের সাথে সঙ্গতি রেখে জীবনচক্র মূল্যায়ন (এলসিএ) এবং কার্বন হিসাব করা। এর উদ্দেশ্য হলো কোথায় এবং কেন বস্ত্র ও পোশাকের কার্বনের তীব্রতা সাপ্লাই চেইন জুড়ে পরিবর্তিত হয় এবং কোথায় এই সেক্টরটিকে ডিকার্বনাইজ করার কার্যক্রমগুলিকে অগ্রাধিকার দেওয়া উচিত, সে সম্পর্কে গভীর ধারণা প্রদান করা।

▶ প্রাথমিক সারসংক্ষেপ

বস্ত্র এবং পোশাক খাত বিশ্বব্যাপী কার্বন নির্গমনের একটি উল্লেখযোগ্য অনুপাতের জন্য দায়ী, যা মোট বৈশ্বিক কার্বন নির্গমনের ৬ থেকে ৮ শতাংশের মধ্যে হিসাব করা হয়েছে, অর্থাৎ প্রতি বছর প্রায় ১.৭ বিলিয়ন টন কার্বন নির্গমন। প্যারিস চুক্তি বৈশ্বিক উষ্ণতাকে প্রাক-শিল্প স্তরের চেয়ে ২ ডিগ্রির কমের মধ্যে সীমিত রাখার লক্ষ্য নির্ধারিত করেছে এবং উষ্ণয়নকে ১.৫ ডিগ্রিতে সীমাবদ্ধ রাখাকে প্রাধান্য দিয়েছে। এই লক্ষ্য অর্জনের সাথে জড়িত নির্গমন হ্রাস উল্লেখযোগ্য- এই লক্ষ্যে পৌঁছানোর জন্য ২০৩০ সালের মধ্যে বৈশ্বিক নির্গমন প্রায় ৪৫ শতাংশ (২০১০ সালের স্তরে) হ্রাস করতে হবে এবং ২০৫০ সালের মধ্যে একেবারে শূন্য নামিয়ে আনতে হবে। গার্মেন্টস সেক্টর স্টেকহোল্ডাররা ২০১৮ সালে জাতিসংঘের ফ্রেমওয়ার্ক কনভেনশন অন ক্লাইমেট চেঞ্জ (ইউএনএফসিসিসি) ফ্যাশন ইন্ডাস্ট্রি চার্টার ক্লাইমেট অ্যাকশনের জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ নেয়ার অঙ্গীকার গ্রহণ করতে একত্রিত হয়েছিল। সনদে স্বাক্ষরকারীরা ২০৩০ সালের মধ্যে ৩০ শতাংশ গ্রিনহাউস গ্যাস (জিএইচজি) নির্গমন হ্রাস করতে এবং ২০৫০ সালের মধ্যে নির্গমন একেবারে শূন্য নামিয়ে আনতে প্রতিশ্রুতিবদ্ধ (একটি ২০১৫ বেসলাইন থেকে)। এটি একটি উল্লেখযোগ্য চ্যালেঞ্জ, কারণ এই সেক্টরের কার্বন নির্গমনে ৩০ শতাংশ হ্রাসের জন্য ২০৩০ সাল নাগাদ সমগ্র সেক্টরে প্রতি বছর অর্ধ বিলিয়ন টন কার্বন ডাই অক্সাইড হ্রাস করতে হবে। এই চ্যালেঞ্জ

মোকাবেলায় বস্ত্র ও পোশাক উৎপাদন এবং ব্যবহারে সিস্টেম-স্তরের পরিবর্তন প্রয়োজন এবং সম্ভবত কিভাবে এবং কোথায় পোশাক উৎপাদিত হয় তার উপরে এবং এই উৎপাদনের সাথে যুক্ত কর্মসংস্থানের উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলবে। এই প্রতিবেদনটি টেক্সটাইল এবং গার্মেন্টস সেক্টর সাপ্লাই চেইন জুড়ে কিভাবে এবং কোথায় কার্বন সঞ্চিত হয়, সে সম্পর্কে একটি ব্যাখ্যা উপস্থাপন করে, যা সরবরাহ শৃঙ্খলের কোথায় সবচেয়ে বেশি পদক্ষেপ গ্রহণের লক্ষ্য নিতে হবে, তা নির্ধারণে পূর্বসূরি হিসেবে ভূমিকা রাখে। ফলাফলগুলি দেখায় যে নির্গমনগুলি মূল্য শৃঙ্খল বরাবর ঘটে, তবে সুতা এবং কাপড় উৎপাদন পর্যায়ে তা সবচেয়ে উল্লেখযোগ্য, যা অন্যান্য পরিবেশগত প্রভাব যেমন পানির ব্যবহার এবং রাসায়নিক ব্যবহারের সাথে সামঞ্জস্যপূর্ণ। টেক্সটাইল এবং গার্মেন্টস সেক্টরে জিএইচজি নির্গমনে শক্তির ব্যবহার প্রধান অবদান রাখে। ওয়েট প্রসেসিং পর্যায় শক্তির চাহিদা বেশি থাকে (ডাইং এবং ফিনিশিং), যেখানে পানি গরম করতে, বাষ্প তৈরি করতে এবং কাপড় শুকানোর জন্য শক্তি ব্যবহার করা হয়। উৎপাদন কেন্দ্রে (কয়লা বা প্রাকৃতিক গ্যাস) ব্যবহৃত শক্তির উৎসে কার্বনের তীব্রতা যত বেশি থাকে, বস্ত্র উৎপাদনের ক্ষেত্রে কার্বন নির্গমনের তীব্রতাও তত উচ্চ থাকে। টেক্সটাইল মিল এবং গার্মেন্টস কারখানার মতো মূল্য শৃঙ্খলের শক্তি-নির্ভর অংশগুলিতে ব্যবহৃত শক্তিও খরচের একটি উল্লেখযোগ্য অংশের জন্য দায়ী হতে পারে; তাই

► ILO সংক্ষেপ

এশিয়ার গার্মেন্টস সাপ্লাই চেইনের প্রেক্ষিতে শোভন কাজ

সেক্টরে কার্বন নির্গমন হ্রাস করার জন্য একটি অর্থনৈতিক এবং পাশাপাশি একটি পরিবেশগত তাড়না রয়েছে। এই প্রতিবেদনটি গার্মেন্টস সেক্টর জুড়ে কার্বন নির্গমন পরীক্ষা করে, যা হিসাব করার জন্য দুটি বিশিষ্ট পদ্ধতি ব্যবহার করা হয়েছে- গ্রীনহাউস গ্যাস প্রোটোকলের সাথে সঙ্গতি রেখে জীবনচক্র মূল্যায়ন (এলসিএ) এবং কার্বন হিসাব করা। এর উদ্দেশ্য হলো কোথায় এবং কেন বস্ত্র ও পোশাকের কার্বনের তীব্রতা সাপ্লাই চেইন জুড়ে পরিবর্তিত হয় এবং কোথায় এই সেক্টরটিকে ডিকার্বনাইজ করার কার্যক্রমগুলিকে অগ্রাধিকার দেওয়া উচিত, সে সম্পর্কে গভীর ধারণা প্রদান করা। এই প্রতিবেদনে কার্বন নির্গমনে অবদান রাখা নিয়ামকগুলোকে তুলে ধরা হয়েছে:

- বিভিন্ন ধরনের কাপড় এবং বস্ত্র ব্যবহার (বিশেষত প্রাকৃতিক বনাম মানবসৃষ্ট);
- উৎপাদন কেন্দ্রে শক্তির উৎসের কার্বনের তীব্রতা;
- উৎপাদনের সামগ্রিক পরিমাণ; এবং
- ব্যবহারের পর্যায়ের দৈর্ঘ্য এবং তীব্রতা (ভোক্তাদের ধোয়া এবং পরার ধরন সহ)।

জলবায়ু সংক্রান্ত পদক্ষেপের লক্ষ্য পূরণের জন্য পোশাক উৎপাদনে সিস্টেম-ব্যাপী পরিবর্তনের বিস্তৃতি এবং গতির অর্থ হলো কাজের জগতে সরবরাহ শৃঙ্খলের এসব উপাদানের উপরেও উল্লেখযোগ্য প্রভাব পড়বে। কার্বন নিঃসরণ কমানোর জন্য প্রযুক্তিগত এবং প্রক্রিয়া উদ্ভাবনের পাশাপাশি ব্যবসায়িক মডেলগুলিতে পরিবর্তনের প্রয়োজন হবে। এই পরিবর্তনগুলি অর্জনের জন্য একটি ন্যায্য রূপান্তর নিশ্চিত করার লক্ষ্যে দীর্ঘ সময় ধরে মানব ও আর্থিক পুঁজিতে বিনিয়োগের প্রয়োজন হবে।

Contact details

International Labour Organization
Route des Morillons 4
CH-1211 Geneva 22
Switzerland

T: +41 22 799 7239
E: @ilo.org